



# রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী  
কর্মী ব্যবস্থাপনা বিভাগ

ফোনঃ ০৭২১-৮৬২৪৪৫

ফ্যাক্সঃ ০৭২১-৮৬২৪৪৫

ওয়েবসাইটঃ www.rakub.org.bd

ই-মেইলঃ dgmpd@rakub.org.bd

নং-প্রকা/কব্যবি-১০/২০১৬-২০১৭/ ৩২১০ (৪২০)

তারিখ : ০৭-০৫-২০১৭

বিভাগীয় মহাব্যবস্থাপক, রাজশাহী/রংপুর  
বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী/রংপুর  
সকল জোনাল ব্যবস্থাপক  
সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা  
সকল শাখা ব্যবস্থাপক (এলপিও এবং ঢাকা কর্পোরেট শাখাসহ)  
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

**বিষয় : ব্যাংকের ৯০দিনের (০১ এপ্রিল-৩০ জুন, ২০১৭) কর্মসূচি চলাকালীন সময়ে কর্মকর্তা-কর্মচারীগণের ছুটি মঞ্জুর প্রসংগে।**

মহোদয়

উপর্যুক্ত বিষয়ে কর্মী ব্যবস্থাপনা বিভাগের ১১-০৪-২০১৭ তারিখের প্রকা/কব্যবি-১০/২০১৬-২০১৭/২৯২০(৪২) নম্বর পত্রের প্রতি সংশ্লিষ্ট সকলের সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সূত্রোক্ত পত্রের মাধ্যমে ০১ এপ্রিল হতে ৩০ জুন, ২০১৭ পর্যন্ত ৯০ দিনব্যাপী বিশেষ প্যাকেজ কর্মসূচির সফল বাস্তবায়নের নিমিত্ত আগামী ৩০ জুন, ২০১৭ পর্যন্ত সময়কালে কোন প্রকারের ছুটি মঞ্জুর না করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হয়। তবে জরুরী প্রয়োজন দেখা দিলে সেক্ষেত্রে মঞ্জুরকারী কর্মকর্তার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদন গ্রহণ করে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীর ছুটি মঞ্জুর করা যেতে পারে মর্মে উক্ত পত্রে উল্লেখ করা হয়। কিন্তু কোন কোন ছুটি মঞ্জুরকারী কর্মকর্তা উক্ত নির্দেশনা অমান্য করে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদন গ্রহণ ব্যতিরেকে ছুটি মঞ্জুর করছেন। ইহা ব্যাংক ব্যবস্থাপনার উল্লিখিত নির্দেশনার সুস্পষ্ট লংঘন।

০৩। এমতাবস্থায় আগামী ৩০ জুন, ২০১৭ পর্যন্ত সময়কালে কোন প্রকার ছুটি মঞ্জুর না করার জন্য পুনরায় অনুরোধ করা হলো। তবে জরুরী প্রয়োজন ছুটি মঞ্জুরীর ক্ষেত্রে মঞ্জুরকারী কর্মকর্তার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদন গ্রহণ করে ছুটি মঞ্জুরীর পরামর্শ দেয়া হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোঃ মোয়াজ্জেম হোসেন)

উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/কব্যবি-১০/২০১৬-২০১৭/ ৩২১০ (৪২০) / ২৫

তারিখ : ৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো)।
- ৫। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ৬। প্রকল্প পরিচালক, রাকাব-এসইসিপি, সিপিও, রাজশাহী।
- ৭। অফিস নথি।

(রণজিৎ কুমার সেন)

সহকারী মহাব্যবস্থাপক